

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬২৬

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ و أبي سعيد رَضِيَ اللَّهُ عَنْهُمَا قالا قال رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِذَا أَيْقَظَ الرَّجُلُ أَهْلَهُ مِنْ اللَّيْلِ فَصلَّيَا أَوْ صلَّى رَكْعَتَيْنِ جَمِيعًا كُتِبَا فِي الذَّاكِرِينَ وَالذَّاكِرَاتِ. رواه أبو داود

বাংলা

৬২৬. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) ও আবু সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তাঁরা বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যদি কোন মানুষ নিজের পরিবারকে নিদ্রা হতে জাগ্রত করে উভয়ে নামায আদায় করে অথবা উভয়ে দু'রাকাআত নামায আদায় করে, তবে তাদেরকে যিকিরকারী পুরুষ ও যিকিরকারীনী নারীদের মধ্যে শামিল করা হবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ১১৮১)

হাদীছটি নাসাঈ, ইবনে মাজাহ, ইবনে হিব্বান ও হাকেম প্রায় কাছাকাছি শব্দ প্রয়োগে বর্ণনা করেন।

مَنْ اسْتَيْقَظَ مِنْ اللَّيْلِ وَأَيْقَظَ أَهْلَهُ فَصِلَّيَا رَكْعَتَيْن زاد النسائي جَمِيعًا كُتِبَا مِنْ الذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ

''যে ব্যক্তি রাতে জাগ্রত হবে এবং তার স্ত্রীকে জাগ্রত করবে। অতঃপর দু'রাকাআত নামায আদায় করবে।''

নাসাঈ এই শব্দটি বেশী উল্লেখ করেছেনঃ ''উভয়ে মিলে, তবে তাদের নাম অধিকহারে আল্লাহকে যিকিরকারী পুরুষ ও নারীদের মধ্যে লিখে নেয়া হবে।''

(হাকেম বলেন, হাদীছটি বুখারী ও মুসলিমের শর্তের ভিত্তিতে সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন